ইয়েমেন উপকূলে সৌদি-হুতিদের পাল্টাপাল্টি হামলা



ছবি: সংগৃহীত

ইয়েমেনের উপকূলীয় এলাকায় সৌদি আরব ও হুতি বাহিনীর মধ্যে পাল্টাপাল্টি হামলা অব্যাহত রয়েছে। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ বাব এল-মান্দেব প্রণালিকে ঘিরে সংঘাতের তীব্রতা বেড়েছে।

সৌদি আরবের ইয়েমেন সীমান্তের জাজান এলাকায় হুতিদের ছোড়া প্রজেক্টাইলের আঘাতে দুজন আহত হয়েছেন। এ ঘটনায় একটি মসজিদসহ কয়েকটি ভবন ও যানবাহন ক্ষতিগ্রস্ত হয়েছে। শনিবার (১২ সেপ্টেম্বর) সৌদি সিভিল ডিফেন্স ডিরেক্টরেট হামলার বিষয়টি জানায়।

অন্যদিকে, ইয়েমেনের আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারি বাহিনীর বিরুদ্ধে সাম্প্রতিক সময়ে বেশ কয়েকটি সাফল্য পেয়েছে হুতি গোষ্ঠী। মোকা ও পেরিম দ্বীপের মতো কৌশলগত এলাকাগুলো নিজেদের নিয়ন্ত্রণে নেওয়ার পর লোহিত সাগরের উপকূলজুড়ে তাদের প্রভাব আরও বেড়েছে।

তবে সৌদি আরব ছাড়া অন্য দেশের জাহাজ চলাচলে বাধা না দেওয়ার কথা জানিয়েছে হুতিরা। তাদের এই অবস্থানের পরও বাব এল-মান্দেব ও লোহিত সাগরে আন্তর্জাতিক নৌযান চলাচলের নিরাপত্তা নিয়ে উদ্বেগ রয়ে গেছে।